ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১৯৩৬
বিলোনীয়া, ২৫ জুলাই, ২০২৫

**পঞ্চদশ অর্থকমিশনের অর্থে চলতি অর্থবছরে দক্ষিণ ত্রিপুরা জেলায় নানা উন্নয়নমূলক কাজ করা হবে**

চলতি অর্থবছরে দক্ষিণ ত্রিপুরা জেলায় পঞ্চদশ অর্থকমিশনের অর্থে বিভিন্ন পরিকাঠামোমূলক উন্নয়ন কাজ করা হবে। সাতচাঁদ ব্লকের অন্তর্গত রাজীবনগর পঞ্চায়েতে ১ নম্বর গুয়াচাঁদ এইচ এস স্কুলের বাউন্ডারি ওয়াল নির্মাণ করা হবে। ব্যয় হবে ৩ লক্ষ টাকা। পোয়াংবাড়ি ব্লকের দক্ষিণ শ্রীনগর পঞ্চায়েতের ক্ষেত্রপাল পাড়ায় কমিউনিটি টয়লেট নির্মাণ করা হবে। ব্যয় হবে ২ লক্ষ ২ হাজার ৯১০ টাকা। দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদ কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****